

প্রিয় স্কুল কমিউনিটি,

লক্ষণ দেখা দেয়া কর্মী, শিক্ষার্থী, ও পরিবারের সদস্যদের জন্য, অথবা টরন্টো পাবলিক হেলথ (TPH) কর্তৃক COVID-19 পরীক্ষা করানোর জন্য সুপারিশ করা হয়েছে এমন ব্যক্তিদের জন্য COVID-19 খুতু পরীক্ষার কিট প্রদানের উদ্দেশ্যে হসপিটাল ফর সিক চিলড্রেন আপনার স্কুলের সাথে কাজ করছে। খুতু পরীক্ষা ব্যথামুক্ত ও সহজ এবং পরীক্ষা করানোটা আপনার স্কুলে COVID-19 আক্রান্তের সংখ্যা কমাতে এবং স্কুলগুলো খোলা রাখতে সাহায্য করবে।

খুতু পরীক্ষার কিট কোথা থেকে সংগ্রহ করবেন?

- খুতু পরীক্ষার কিট আপনার স্কুলের নির্ধারিত পিকআপ এরিয়া থেকে সংগ্রহ করা যাবে

খুতু পরীক্ষার কিট কখন ব্যবহার করতে হবে?

- যখন আপনার COVID-19 এর 1 বা একাধিক লক্ষণ দেখা দেয় (স্বর বা কাঁপুনি; কাশি বা শুষ্ক কাশি; শ্বাসকষ্ট; স্বাদ বা গন্ধের অনুভূতি কমে যাওয়া বা হারিয়ে ফেলা; বমির ভাব/ বমি হওয়া এবং/অথবা ডায়রিয়া হওয়া) অথবা
- আপনাকে পাবলিক হেলথ এর পক্ষ থেকে নির্দিষ্ট তারিখে পরীক্ষা করানোর জন্য বলা হয়, তখন একটি টেস্ট কিট ব্যবহার করুন

খুতু পরীক্ষার কিটে কী আছে?

1. খুতু সংগ্রহ করার কন্টেইনার (নীল তরলটি ভাইরাসকে নিষ্ক্রিয় করে ফেলে)
2. ল্যাবরেটরি ফরম (আপনার ফলাফল পাওয়ার জন্য অবশ্যই পূরণ করতে হবে)
3. খুতু সংগ্রহ করা সম্পর্কে নির্দেশনা (ল্যাবরেটরি ফরমের উল্টা পাশে)
4. আপনার ফলাফল কিভাবে অ্যাক্সেস করতে হবে সে সম্পর্কে নির্দেশনা
5. আপনার খুতুর কন্টেইনারের জন্য একটি ফাঁকা লেবেল (আপনার হেলথ কার্ড অনুযায়ী আইনসম্মত পূর্ণ নাম ও জন্মতারিখ লেবেলে লিখে সেটা নমুনার কন্টেইনারে লাগিয়ে দিন)

কিভাবে খুতু সংগ্রহ করতে হবে এবং কিট পৌঁছে দিতে হবে?

- পরীক্ষা করার 30 মিনিট আগে থেকে কোনো কিছু খাবেন না, পান করবেন না, ধূমপান করবেন না, দাঁত মাজবেন না, ভ্যাপিং করবেন না।
- নমুনা সংগ্রহ করুন ও লেবেল লাগান, রিকুইজিশন ফরমটি পূরণ করুন, এটিকে বায়োহাজার্ড ব্যাগে প্রবেশ করিয়ে মুখ আটকে দিন
- সোমবার থেকে শুক্রবার স্কুলের কর্মঘণ্টা চলাকালীন সময়ে রোগের লক্ষণ নেই এবং অসুস্থ নন এমন একজন ব্যক্তি নমুনাটি স্কুলের নির্ধারিত জায়গায় পৌঁছে দিতে পারবেন
- আমাদের খুতু পরীক্ষার কিট সংক্রান্ত নির্দেশনামূলক ভিডিওর লিংক এখানে দেওয়া

হলো: <https://www.youtube.com/watch?app=desktop&v=Ru-vFZdImes&feature=youtu.be>

আমি কখন আমার ফলাফল পাবো?

যদি আপনার পরীক্ষার ফলাফল পজিটিভ (+) হয়:

- SickKids-এর কাছ থেকে 24-48 ঘন্টার মধ্যে এবং জনস্বাস্থ্য বিভাগের কাছ থেকে কয়েক দিনের মধ্যে পরবর্তী করণীয় সম্পর্কে তথ্য ও নির্দেশনা জানিয়ে ফোন **পাবেন**

যদি আপনার পরীক্ষার ফলাফল নেগেটিভ (-) হয়:

- আপনি কোনো ফোন কল **পাবেন না** এবং অবশ্যই অনলাইনে ফলাফল দেখার জন্য অপেক্ষা করতে হবে

যদি পরীক্ষাটি প্রক্রিয়া করা না যায়

- যদি নমুনায় লেবেল লাগানো না থাকে, পর্যাপ্ত পরিমাণে খুতু না থাকে, অথবা রিকুইজিশন ফরমটি পূরণ না করা

হয়, তাহলে আমরা আপনাকে ফোন করে জানিয়ে দিবো যে নমুনাটি প্রক্রিয়া করা যাচ্ছে না।

ফলাফল অ্যাক্সেস করা

- যদি আপনি গ্রিন অন্টারিও হেলথ কেয়ার কার্ডের 10 অঙ্কবিশিষ্ট নম্বর ও দুই অঙ্কবিশিষ্ট সংস্করণ কোড প্রদান করে থাকেন:
 - COVID-19 সংক্রান্ত সরকারি ওয়েবসাইটে আপনার ফলাফল অ্যাক্সেস করুন: <https://covid-19.ontario.ca/>



COVID-19 সংক্রান্ত সরকারি ওয়েবসাইট

- যদি আপনার কোনো অন্টারিও হেলথ কেয়ার কার্ড না থাকে, আপনার একটি লাল ও সাদা কার্ড থাকে, অথবা এটি প্রভিন্সের বাইরে থেকে পেয়ে থাকেন:
 - রিকুইজিশন ফরমে আপনাকে অবশ্যই আপনার ইমেইল ঠিকানা লিখে দিতে হবে, যা <https://covid-19.ontario.ca/> ঠিকানায় আপনার ফলাফল দেখার জন্য আপনাকে একটি কোড পাঠাতে ব্যবহার করা হবে
 - যদি আপনি 4 কর্মদিবসের মধ্যে আমাদের কাছ থেকে কোনো খবর না পান, তাহলে অনুগ্রহ করে mobile.outreach@sickkids.ca ঠিকানায় ইমেইল করুন